

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ২৮, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা
প্রজ্ঞাপন

তারিখ: ৮ মার্চ ২০১৬ খ্রিস্টাব্দ

নং ৩৫.০০.০০০০.০৩২.৩৩.০৪৩.১৫-১১২—নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে, সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাভুক্ত মহাসড়ক নেটওয়ার্কে অবস্থিত জাতীয়, আঞ্চলিক ও জেলা মহাসড়ক যানচলাচলের জন্য নির্বিঘ্ন রাখার লক্ষ্যে মহাসড়ক নির্মাণ, উন্নয়ন ও সম্প্রসারণ এবং সংস্কার, মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে উন্নত কারিগরি মানদণ্ড ও প্রযুক্তি সম্বলিত যন্ত্রপাতি ব্যবহার অপরিহার্য। উন্নত কারিগরি মানদণ্ড ও প্রযুক্তি সম্বলিত যন্ত্রপাতি ব্যবহার করে গুণগতমান সম্পন্ন এবং টেকসই মহাসড়ক নেটওয়ার্ক গড়ে তোলা সম্ভব। কিন্তু এ ক্ষেত্রে প্রত্যাশিত অর্জন এখনো সম্ভবপর হয়ে উঠেনি।

২। এ অবস্থা হতে উত্তরণে উন্নয়ন ও অনুন্নয়ন উভয় বাজেটের আওতায় সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন জাতীয়, আঞ্চলিক ও জেলা মহাসড়ক নির্মাণ, উন্নয়ন ও সম্প্রসারণ এবং সংস্কার, মেরামত ও রক্ষণাবেক্ষণের নিমিত্ত এ্যাস্ফল্ট কাজের জন্য নিম্নোক্ত ক্ষেত্রে এ্যাস্ফল্ট ব্যাচিং প্লান্ট ব্যবহার বাধ্যতামূলক করা হল :

ক্রমিক নং	কাজের বিবরণ	অর্থের পরিমাণ (টাকায়)	মন্তব্য
(১)	সড়ক ও জনপথ অধিদপ্তরের রোট সিডিউল ২০১৫ অনুযায়ী উন্নয়ন প্রকল্পে এ্যাস্ফল্ট কাজের প্রাক্কলিত মূল্য	২০ (বিশ) কোটি ও তদূর্ধ্ব	ক্রয়কারী প্রয়োজনে ক্রমিক ১ ও ২ তে উল্লিখিত অর্থের কম এ্যাস্ফল্ট কাজের প্রাক্কলিত মূল্যের ক্ষেত্রেও এ্যাস্ফল্ট ব্যাচিং প্লান্ট ব্যবহারের সংস্থান রাখতে পারবেন।
(২)	সড়ক ও জনপথ অধিদপ্তরের রোট সিডিউল ২০১৫ অনুযায়ী অনুন্নয়ন খাতে পিরিয়ডিক মেইনটেন্যান্স প্রোগ্রাম (পিএমপি) এর আওতায় এ্যাস্ফল্ট কাজের প্রাক্কলিত মূল্য	১০ (দশ) কোটি ও তদূর্ধ্ব	

(২৩৬৯)

মূল্য : টাকা ৪.০০

৩। এ নির্দেশনা কাজের গুণগত মান বজায় রাখার জন্য ইতোপূর্বে প্রদত্ত অন্যান্য নির্দেশনার অতিরিক্ত হিসেবে গণ্য হবে।

৪। আগামী ০১ জুলাই ২০১৬ তারিখ হতে এ নির্দেশনা কার্যকর হবে এবং এ তারিখ থেকে প্রচারিত সকল দরপত্র দলিলে এ্যাস্ফল্ট ব্যাচিং প্লান্ট ব্যবহারের বিষয়টি আবশ্যিকভাবে সংযোজন করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহবুবের রহমান
সিনিয়র সহকারী প্রধান।